দৈনিক জনকণ্ঠ

তারিখ 30 DEC 1993
পৃষ্ঠা ৪ কলাম ৫

১৬

# অর্থের বিনিময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির বিষয়টির সুষ্ঠু তদন্ত চাই

আমি ১৯৯২ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাস করে ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীতে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করি। ভর্তি পরীক্ষার ফলাফলে মেধা স্কোরে নাম থাকা সত্ত্বেও ভর্তি পরীক্ষায় ইংরেজীতে ৫-এর কম থাকায় আমাকেসহ অনেককে কোন বিষয় প্রদান করা হয়নি। অথচ ভর্তি পরীক্ষায় ন্যূনতম নম্বর-৩৩ না পেয়েও অর্থের বিনিময়ে বর্তমানে রাষ্ট্রবিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক, লোক প্রশাসন, সমাজবিজ্ঞান, ব্যবস্থাপনা বিভাগে পড়ালেখা করছে আমাদের সাথের অনেক সহপাঠী।

অথচ মেধা স্কোরে নাম থাকা সত্ত্বেও আমরা অনেকেই ভর্তি হবার সুযোগ পাইনি। এ কোন বিচার? এ সকল অনিয়মিত ভর্তির ফলে বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ন হচ্ছে- যা দেশ ও জাতির জন্য কলঙ্ক। অর্থের বিনিময়ে ভর্তির ব্যাপারটা সুষ্ঠু তদন্ত করে এ সকল ছাত্রের ভর্তি বাতিল করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর আবেদন জানাচ্ছি, যাতে করে ভবিষ্যতে এমন অসৎ কাজে কেউ আর হাত না বাড়ায়।

মোঃ শামসুজ্জামান
২য় বর্ষ স্নাতক (সম্মান)
অর্থনীতি বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ
ঢাকা।